গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রনালয়

নং-৩৭.০০.০০০০.০৮৩.২১.১০৬.১৮-**১৭**

তারিখ: ২৩ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়:-পিরোজপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকল্পের/কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন পিরোজপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শন করা হয় (কপি সংযুক্ত)। উক্ত পরিদর্শন প্রতিবেদনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৬/৪/২১

(সৈয়দা নওয়ারা জাহান)
যুগ্মসচিব (উন্নয়ন-২)

নির্বাহী প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
পিরোজপুর।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৪। অফিস কপি।

# <u>পরিদর্শন প্রতিবেদন</u>

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নিয়ন্ত্রনাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পের আওতাধীন কলেজ এবং অনুন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা নির্মিত প্রতিষ্ঠান পরিদর্শনের প্রতিবেদন।

আমি নিম্নস্বাক্ষরকারী গত ১৯-২১ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত (কপিসংযুক্ত)। পিরোজপুর জেলার অধীনে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের আওতায় প্রতিষ্ঠান এবং অনুন্নয়ন খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা নির্মিত প্রতিষ্ঠান পরিদর্শন করি। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের বিবরণ নিম্নরূপ:

ক) পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার নয়াখালী মাটিভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়:

আলোচ্য বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ২০১৯-২০ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় ৪তলা ভিত বিশিষ্ট ১তলা একাডেমিক ভবন নির্মানের প্রাক্কলিত মূল্য ১,৩২,৪,২১০০০ টাকা। কাজটির পাইল নির্মাণের কাজ শেষ হয়েছে এবং পাইল ড্রাইকের কাজ শুরু হবে। ঠিকাদারের সাথে আলোচনায় জানা যায় জুন ২০২১ সালের মধ্যে ছাদ ঢালাই দেয়া সম্ভব হবে।

<u>**সার্বিক মন্তব্য:**</u>

(১) আলোচ্য কাজটি work plan অনুযায়ী সঠিক সময়ে এবং গুনগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে;
(২) সংশ্লিষ্ট প্রকৌশলী নিবিড়ভাবে মনিটরিং করবে।

খ) পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার ভান্ডারিয়া বিহারী পাইলট মাধ্যমিক বিদ্যালয়:

আলোচ্য বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ২০১৮-১৯ অর্থ বছরের অনুন্নয়ন বাজেটের আওতায় ৪তলা ভিত বিশিষ্ট ১তলা একডেমিক ভবন নির্মাণ কাজ চলছে। কাজটির প্রাক্কলিত মূল্য ৭৫,০০,০০০.০০ টাকা। কাজের অগ্রগতির হার ৯০%। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত দরজা seasoned না করার কারণে দরজার সংযোগস্থল ফাকা দেখা যায়, উক্ত দরজা পূনরায় স্হাপন করার জন্য ঠিকাদারকে নির্দেশনা দেয়া হয়। এছাড়া উক্ত স্কুলে নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প এর আওতায় বিদ্যমান ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ কাজ চলমান রয়েছে। উক্ত কাজের structure শেষ হয়েছে। ভিতরের কাজ শুরু করেছে। স্কুলের কমিটিকে উক্ত কাজ ভালভাবে দেখাশুনা করার জন্য নির্দেশনা দেয়া হয়।

<u>**সার্বিক মন্তব্য:**</u>

(১) যে সকল কাজ Specification অনুযায়ী সম্পন্ন হয়নি তা অপসারন করে Specification অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে;
(২) কাজ সম্পাদনের সময় স্কুল কমিটির প্রতিনিধিগণ সার্বক্ষনিক মনিটরিং করবে।
(৩) সংশ্লিষ্ট প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে Specification অনুযায়ী কাজসমূহ নিশ্চিত করবেন ।

গ) পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলার পাড়ের হাট সম্মিলিত বালিকা মাধ্যমিক বিদ্যালয়:

আলোচ্য বিদ্যালয়টি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় ৪তলা ভিত বিশিষ্ট ১তলা একাডেমিক ভবন নির্মাণ কাজ চলছে। কাজটির প্রাক্কলিত মূল্য

৭৫,০০,০০০,০০ টাকা। কাজের অগ্রগতির হার ৯০%। কাজটি পরিদর্শনকালে দেখা যায় মোজাইকের কাজ চলছে। মোজাইকের পূরত্ব পরিমাপ করে দেখা যায় ১২ mm এর পরিবর্তে ১০ mm করে কাচ বসানো হচ্ছে। পরবর্তীতে উক্ত মাপ পরিবর্তন করে সিডিউল অনুযায়ী মাপ দেয়ার জন্য ঠিকাদারকে নির্দেশনা দেয়া হয়।

**সার্বিক মন্তব্য:**

(১) Specification বর্হিভূত কাজ অপসারনপূর্বক সঠিকভাবে কাজ সম্পন্ন করতে হবে।
(২) নিবার্হী প্রকৌশলীর দপ্তর হতে কাজটি সার্বক্ষনিক মনিটরিং করতে হবে।

(ঘ) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ইইডি, পিরোজপুর:

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ইইডি, পিরোজপুর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় উক্ত কার্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ চলমান রয়েছে। অফিসের প্রশাসনিক কার্যক্রম ও পর্যালোচনা করা হয়। উক্ত অফিসে ২০টি পদের মধ্যে ১০টি পদে ১০জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন। এর মধ্যে কর্মকর্তা পদে ২টি পদ এবং বাকী ৮টি কর্মচারীর পদ বর্তমানে শূণ্য রয়েছে।

**সার্বিক মন্তব্য:**

প্রশাসনিক এবং উন্নয়ন কাজ সম্পাদনের জন্য শূণ্য পদগুলো পূরণ করার জন্য প্রধান প্রকৌশলী,শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা-কে অনুরোধ করা হলো।

(ঙ) পিরোজপুর জেলার সদর উপজেলার পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ:

আলোচ্য কলেজটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, জেলা সদরের পোস্ট গ্রাজুয়েট কলেজ সমূহের মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৫তলা ভিত বিশিষ্ট ১৩২ শয্যার ছাত্রী নিবাস ভবন নির্মাণ কাজ চলিতেছে। কাজটির প্রাক্কলিত মূল্য ৫,৭২,০৫,৪২৫.৭২০ টাকা। কাজের অগ্রগতির হার ১৫%। পাইল ড্রাইভের কাজ সম্পূর্ণ হয়ে গ্রেডবিমের কাজ চলছে। কাজের অগ্রগতি সন্তোষজনক নয়।

**সার্বিক মন্তব্য:**

(১) কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ঠিকাদারকে নতুন work plan জমা দেওয়ার নির্দেশনা দেয়া হয়;
(২) ঠিকাদার সময় মতো কাজ সম্পন্ন না করলে তার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া যেতে পারে;
(৩) নিবার্হী প্রকৌশলীর দপ্তর হতে কাজটির বিস্তারিত প্রতিবেদন প্রকল্প কর্তৃপক্ষ/মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(সৈয়দা নওয়ারা জাহান)
যুগ্মসচিব (উন্নয়ন-২)